

**রাজারহাটে পরীক্ষা দিতে  
পারেনি ৩৯ এইচএসসি  
পরীক্ষার্থী অধ্যক্ষের  
বিরুদ্ধে মামলা**

কুড়িগ্রাম জেলা সিবোদনাতা। কুড়িগ্রামের রাজারহাট মহল্লের রাজার কারিগরী স্কুল এন্ড কলেজের ৩৯ জন এইচএসসি (বিএম) পরীক্ষার্থী রোববার পরীক্ষা দিতে পারেনি। প্রবেশপত্র না আসায় এ অবস্থার সৃষ্টি হয়েছে।

ভুক্তভোগী ছাত্র-ছাত্রীরা অধ্যক্ষের পুঁজি ও প্রবেশপত্রের দাবীতে বিক্ষোভ সমাবেশেও অনশন করলেও কাজ না হওয়ায় অধ্যক্ষ আদুর রাজ্যকের বিরুদ্ধে হাবি রহমান নামে এক পরীক্ষার্থী শনিবার রাতে, রাজারহাট থানায় প্রত্যারণার মামলা করেছেন।

অভিযোগে জানা গেছে, উপজেলা সদরের ২ কিলোমিটার দূরত্বে মহল্লের রাজার নামক স্থানে মহল্লের রাজার কারিগরী, স্কুল এন্ড কলেজ। এই কলেজের অধ্যক্ষ আঃ রাজ্যক কলেজটির একাডেমিক পীকর্তি না পেয়েই বিভিন্ন দ্রুতে শিক্ষক নিয়োগ করে ছাত্র-ছাত্রী ভর্তি করে। এবছর এই ছাত্র-ছাত্রীরা এইচএসসি (বিএম) শুমায় প্রবেশপত্রের দাবীতে বিক্ষোভ করে। কোন প্রবেশপত্র না আসায় ফরন পূরণকারী ছাত্র-ছাত্রীরা হতাশায় পড়ে। ভুক্তভোগী ছাত্র-ছাত্রীরা কলেজ অধ্যক্ষ আদুর রাজ্যকের নিকট গেলে তিনি ২৫ মার্চ পর্যন্ত সময় নিয়েছিলেন। কিন্তু প্রবেশ পত্র হাতে না পাওয়ায় হতাশায় পরীক্ষার্থী ও তাদের অভিভাবকরা কলেজ অধ্যক্ষের বিচার দাবী করে দফায় দফায় বিক্ষোভ মিছিল করে। এ ছাড়া ছাত্র-ছাত্রীরা ইতিমধ্যে শিক্ষামন্ত্রণালয়, জেলা প্রশাসক সহ বিভিন্ন দপ্তরে বার বার দায়কশিপি পেশ করেও কোন কাজ করেনি। এ কারণে শিক্ষার্থীরা গত ৩০ মার্চ রাজারহাট উপজেলা পন্থীদ মিনারে আমরণ অনশন শুরু করে। এসময় উপজেলা নিবাহী অফিসার মোঃ রাহেমুল ইসলাম প্রত্যারণ আঃ রাজ্যকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের আস্থাস দিলে অনশন কর্মসূচি প্রত্যাহার করা হয়। রাজারহাট থানার অফিসার ইনচার্জ মোঃ সালেহুল ইসলাম বলেন, প্রত্যারণার মামলা হয়েছে। অকে প্রেফতারের জন্য পুলিশ বেশ কয়েকটি স্থানে অভিযান চালিয়েছে।